# ঐকমত্য কমিশনের আলোচনায় পিআর দাবির আন্দোলন অযৌক্তিক: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, ঐকমত্য কমিশনের আলোচনার সময় পিআর পদ্ধতির দাবিতে আন্দোলন করা রাজনৈতিক স্ববিরোধিতা। তিনি অভিযোগ করেন, একটি গোষ্ঠী নির্বাচনী প্রক্রিয়াকে দুর্বল করে অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টা করছে। জনগণের ম্যান্ডেট উপেক্ষা করে আন্দোলন করা শহীদদের আত্মত্যাগের প্রতি অসম্মান বলেও মন্তব্য করেন তিনি।

ঐকমত্য কমিশনের আলোচনার মধ্যে পিআর (সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব) পদ্ধতির দাবিকে স্ববিরোধী কর্মসূচি হিসেবে উল্লেখ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বুধবার (১৭ সেপ্টেম্বর) রাজধানীর একটি হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন।

তিনি বলেন, নির্বাচন নিয়ে অনীহা থেকেই জামায়াত এই কর্মসূচি নিয়েছে। এ ধরনের পদক্ষেপ মূলত একটি গোষ্ঠীর অস্থিতিশীলতা সৃষ্টির প্রচেষ্টা, যা দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে প্রশ্নবিদ্ধ করে। আমীর খসরুর দাবি, জনগণের ম্যান্ডেটকে অস্বীকার করে রাজনৈতিক স্বার্থসিদ্ধির এ প্রচেষ্টা শহীদদের আত্মত্যাগের অবমাননা।

বিএনপির এই নেতা আরও বলেন, যারা ঐকমত্য কমিশনের আলোচনাকে উপেক্ষা করছে, তাদের ভবিষ্যৎ নির্ধারণ করবে জনগণ।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি জানান, “চাপের কোনো প্রশ্ন নেই। আমাদের নেতাকর্মীরা ইতিমধ্যেই নির্বাচনী মাঠে সক্রিয় হয়েছে।”

তিনি আরও বলেন, জনগণ যেখানে ভোটের জন্য অপেক্ষায়, সেখানে প্রচারণার মাধ্যমেই মাঠে থাকতে হবে। শান্তিপূর্ণ পরিবেশের প্রতি জনগণের প্রত্যাশা স্পষ্ট, আর কেউ যদি বাধা দেয়, তবে তার রাজনৈতিক ভবিষ্যৎ জনগণের আদালতেই নির্ধারিত হবে।